



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
“কৃষি ভবন”

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা -১০০০
মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং : ১২.২৭১.০৩৫.০১.০২.১৪২.২০১০-৩৮৫

তারিখ ১৩ অক্টোবর ২০১৮

বরাবর

- ১। মহাব্যবস্থাপক (পাট বীজ)
বিএডিসি, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার/কম্বো/সিডিপি ফ্রপস)
বিএডিসি, ঢাকা।
- ৩। প্রকল্প/কর্মসূচি পরিচালক (বীজ/সূর্বর্ণচর/ডাল ও তৈলবীজ/বীআমক)
বিএডিসি, ঢাকা।

বিষয় : ২০১৮-১৯ বর্ষে সংশোধিত বোরো ধান বীজ উৎপাদন কর্মসূচি।

কৃষি মন্ত্রণালয়ে ২ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিত সিড প্রমোশন কমিটির ৮৬তম সভার সিদ্ধান্ত এবং চলতি ২০১৮-১৯ বোরো বীজ বিতরণ বর্ষে বিধান ২৮ জাতের ক্রমহাসমান ও বিধান ৫৮ জাতের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে সংস্থার বিভিন্ন বিভাগ/প্রকল্পের মাধ্যমে ২০১৮-১৯ বর্ষে শ্রেণি ও জাতভিত্তিক বোরো ধান বীজ উৎপাদন কর্মসূচি সংশোধন করে নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো :

ক্রমিক নং	বিভাগ/প্রকল্পের নাম	বোরো ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (মে. টন)				
		ভিত্তি	প্রত্যাশিত	মানস্বোষিত	হাইব্রিড (মানস্বোষিত)	মোট
১।	পাট বীজ বিভাগ	৪৯৮	-	-	-	৪৯৮
২।	খামার বিভাগ	৩৯৪৮	-	৫০	৮৫৩	৪৮৫১
৩।	আলু বীজ বিভাগ	১৩৫	-	-	-	১৩৫
৪।	কম্বো/সিডিপি বিভাগ	৮৫২	১৮৯৫৮	১৩৯৮১	-	৩৩৭৯১
৫।	ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প	২০০	১১৭২৫	৮৫৭৫	-	২০৫০০
৬।	সূর্বর্ণচর প্রকল্প	২৫				২৫
	মোট	৫৬৫৮	৩০৬৮৩	২২৬০৬	৮৫৩	৫৯৮০০
৭।	বীজের আপৎকালীন মজুদ কর্মসূচি	-	৩২০০	২৩০০	-	৫৫০০
	সর্বমোট :	৫৬৫৮	৩৩৮৮৩	২৪৯০৬	৮৫৩	৬৫৩০০

- ২। পাট বীজ বিভাগ, খামার বিভাগ, কম্বো/সিডিপি বিভাগ, ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প, আলু বীজ বিভাগ, বীজের আপৎকালীন মজুদ কর্মসূচি এবং সূর্বর্ণচর প্রকল্পের মাধ্যমে ২০১৮-১৯ বর্ষে শ্রেণি ও জাতভিত্তিক বোরো ধান বীজ উৎপাদন কর্মসূচির একীভূত বিভাজন সংযুক্ত করা হলো (পরিশিষ্ট-‘ক’ ও ‘খ’)।
- ৩। স্ব স্ব বিভাগ প্রধান/প্রকল্প পরিচালকগণ লক্ষ্যমাত্রা অনুযায়ী খামার/জোনওয়ারি সংশোধিত বীজ উৎপাদন কর্মসূচি জারি করবেন।
- ৪। চুক্তিবদ্ধ চাষিদের মাধ্যমে বোরো বীজ উৎপাদনের ক্ষেত্রে ১টি স্কিমে ১টি জাতের বীজ উৎপাদন করতে হবে।
- ৫। বীজতলায় জাতভিত্তিক চারা উৎপাদন এবং স্কিমভুক্ত জমিতে চারা রোপণ নিশ্চিত করতে হবে। জাতের বিশুদ্ধতা রক্ষার জন্য একটি গোছায় একটি চারা রোপন বাঞ্ছনীয় (Single seedling plantation) এবং পৃথকীকরণ দূরত্ব বজায় রাখতে হবে। এ বিষয়ে সদর দপ্তর হতে জারিকৃত কারিগরি নির্দেশাবলি এবং জাতীয় বীজ বোর্ডের মাঠমান ও বীজমান অর্জনের জন্য বীজ প্রযুক্তিগত সকল ধাপ অনুসরণ করতে হবে।
- ৬। বীজ উৎপাদন খামার বিভাগ বোরো বীজ ফসলের উৎপাদন কর্মসূচি প্রণয়নকালে জমির উপযোগিতা অনুযায়ী জাত নির্বাচন করবেন।
- ৭। ভিত্তি ও প্রত্যাশিত শ্রেণির বীজ উৎপাদন কর্মসূচি যথাসময়ে বীজ প্রত্যয়ন এজেন্সিকে অবহিত করে মাঠ পরিদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। বীজ প্রত্যয়ন এজেন্সী হতে সময়মত প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক সংরক্ষণ এবং সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে অবহিত ও সরবরাহ করতে হবে। বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়নে ব্যর্থতার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী হবেন।


১৩/১০/১৮

১৩/১০/১৮

(চলমান পাঠা-২)

- ৮। প্রত্যাগিত শ্রেণির বোরো ধানবীজ উৎপাদনের জন্য বীপ্রস বিভাগ প্রয়োজনীয় ভিত্তি বীজ শোধন করে সরবরাহ করবে। সময়মত বীজ প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করে বীজ উৎপাদনকারী বিভাগ/প্রকল্পের কর্মকর্তাগণ বীজ সরবরাহ নিবেন।
- ৯। ভিত্তি বীজ উৎপাদনের জন্য খামার বিভাগ প্রয়োজনীয় প্রজনন বীজ সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয় হতে সংগ্রহ করে যথাসময়ে তা প্রাপককে সরবরাহ নিশ্চিত করবেন।
- ১০। চুক্তিবদ্ধ চাষি পর্যায়ে বীজ বিতরণের পূর্বে বীজের বিশুদ্ধতা ও অংকুরোদগম ক্ষমতা পরীক্ষা করে নিতে পরামর্শ দেয়া হল-যাতে বীজের মান সম্পর্কে কোন অভিযোগ পরবর্তীতে উত্থাপিত না হয়।
- ১১। স্ব স্ব বিভাগ/প্রকল্প প্রধানগণ বীজ বিক্রয়লব্ধ অর্থ সময়মত ব্যাংকের সংশ্লিষ্ট হিসাবে জমা ও জমাকৃত টাকা স্থানান্তরের বিষয়টি মনিটরিং করবেন। যাতে কোন রকম আর্থিক অনিয়ম না হয় তা নিশ্চিত করবেন।
- ১২। ব্লক বীজ উৎপাদন রেজিস্টারে বীজ প্রত্যয়ন এজেন্সী'র প্রতিনিধির জন্য সংরক্ষিত কলামে পরিদর্শনকালীন তাদের মতামত ও স্বাক্ষর নিতে হবে।
- ১৩। ২০১৮-১৯ বর্ষে বিতরণের জন্য বোরো বীজের বিক্রয় মূল্য বিএডিসি নিম্নরূপভাবে নির্ধারণ করেছে :

ক্রমিক নং	বীজের নাম	বীজের শ্রেণি	২০১৮-১৯ বর্ষের জন্য বোরো ধানবীজের নির্ধারিত বিক্রয় মূল্য	
			ডিলার পর্যায়ে (টাকা/কেজি)	চাষি পর্যায়ে (টাকা/কেজি)
১	বিআর ৩, বিআর ১৪, বিআর ১৬, বিআর ২৬, বিআর ২৮, ব্রি ধান ২৯, ব্রি ধান ৪৭, ব্রি ধান ৫৫, ব্রি ধান ৫৮, ব্রি ধান ৫৯, ব্রি ধান ৬০, ব্রি ধান ৬১, ব্রি ধান ৬৩, ব্রি ধান ৬৭, ব্রি ধান ৬৮, ব্রি ধান ৬৯, ব্রি ধান ৭৪, ব্রি ধান ৮১, বিনাধান-৮, বিনাধান-১০, বিনাধান-১৪, বিনাধান-১৮, বাংলাজিরা এবং নেরিকাসহ অন্যান্য সকল জাত।	ভিত্তি	৫০.০০	৫৮.০০
		প্রত্যাগিত/মানঘোষিত	৪৩.০০	৫০.০০
২	ব্রি ধান-৫০ (সুগন্ধি)	ভিত্তি	৫৭.০০	৬৭.০০
		প্রত্যাগিত/মানঘোষিত	৫৩.০০	৬২.০০
৩	এসএল-৮এইচ সহ অন্যান্য হাইব্রিড	মানঘোষিত	২০০.০০	২৩০.০০


৩০/১০/১৮

(মো: ফারুক জাহিদুল হক)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা
ফোন : ৯৫৫২৩১৭


৩০.১০.১৮

স্মারক নং : ১২.২৭১.০৩৫.০১.০২.১৪২.২০১০- ৩৮৫

তারিখ ১০ অক্টোবর ২০১৮


অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :


- ১। যুগ্ম পরিচালক (বীজ পরীক্ষাগার), বিএডিসি, বীজ ভবন, গাবতলী, মিরপুর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহা ব্যবস্থাপক (বীপ্রস/বীজ বিতরণ), বিএডিসি, ঢাকা।
- ৩। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা-কৃষি সমাচারে প্রোখামটি প্রকাশের জন্য।
- ৫। সহকারি প্রোখামার, আইসিটি সেল, কৃষি ভবন, ঢাকা- বিএডিসি'র ওয়েবসাইটে প্রোখামটি উপস্থাপনের জন্য।


২০১৮-১৯ বর্ষে বিএডিসির খামার বিভাগের মাধ্যমে বোরো মৌসুমে হাইব্রিড বীজ
উৎপাদন কর্মসূচি

(হিসাব: মে.টন)

ক্র: নং	বীজের জাত	পরিমাণ	মোট
১	SL-8H	৭৬০	৭৬০
২	বিএডিসি হাইব্রিড ধান-২ (Win207)	১৫	১৫
৩	বিএডিসি হাইব্রিড ধান-৩ (Win302)	২০	২০
৪	বিএডিসি হাইব্রিড ধান-৪ (MJ0031)	১০	১০
৫	বিএডিসি হাইব্রিড ধান-৫ (MJ0033)	৩০	৩০
৬	বিএডিসি হাইব্রিড ধান-৬ (MJ0032)	১৫	১৫
৭	ব্রি-হাইব্রিড ধান-৫	৩	৩
মোট হাইব্রিড :		৮৫৩	৮৫৩


(সানজিদা আক্তার)
উপব্যবস্থাপক (উন্নয়ন)
বিএডিসি, ঢাকা


(মো: ফারুক জাহিদুল হক)
ব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা


(মো: ফারুক জাহিদুল হক)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা